

ভারত ও পাকিস্তানের মধ্যে পারমাণবিক প্রতিষ্ঠানের তালিকা বিনিময়

ভারত ও পাকিস্তানের মধ্যে একে অপরের বিরুদ্ধে পারমাণবিক প্রতিষ্ঠান আক্রমণ নিরোধ চুক্তি অনুসারে আজ নয়াদিল্লি ও ইসলামাবাদ কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে একযোগে পারমাণবিক প্রতিষ্ঠান ও ব্যবস্থাপনার তালিকা বিনিময় করেছে।

১৯৮৮ সালের ৩১ ডিসেম্বর স্বাক্ষরিত এবং ১৯৯১ সালের ২৭ জানুয়ারি থেকে লাগু হওয়া এই চুক্তি অনুসারে প্রতি কালেন্ডার বছরের জানুয়ারি মাসের প্রথম দিনে চুক্তির অন্তর্গত পারমাণবিক প্রতিষ্ঠান ও ব্যবস্থাপনার তালিকা দুই দেশ একে অপরকে জ্ঞাত করে। আজকের এই তালিকা বিনিময় উভয় দেশের মধ্যে লাগাতার ছারিশবার ঘটল। ১৯৯২ সালের ১ জানুয়ারি উভয় দেশের মধ্যে প্রথম তালিকা বিনিময় হয়েছিল।

নয়াদিল্লি

জানুয়ারি ০১, ২০১৭